বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
E-mail:dgmbcbd@krishibank.org.bd

**বিষয়ঃ সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২০২২-২০২৩ অর্থবছরের দ্বিতীয় অবহিতকরণ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ শওকত আলী খান, ব্যবস্থাপনা পরিচালক |
| তারিখ ও সময় | ঃ | ২১ মে ২০২৩ খ্রি., রোজ রবিবার, সকাল ১১.৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, পর্ষদ সভাকক্ষ হতে ভার্চুয়ালি। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-'ক' অনুযায়ী। |
| ভার্চুয়ালি সংযুক্ত | ঃ | সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল শাখা প্রধান/ব্যবস্থাপক এবং প্রতি বিভাগ হতে ০২(দুই) জন করে সেবা গ্রহিতা সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে সংযুক্ত। |

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে সভায় উপস্থিত এবং ভার্চুয়ালি সংযুক্ত সবাইকে সালাম এবং শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

০২। সভায় অংশগ্রহণকারী স্টেকহোল্ডারগণ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সঙ্গে কুশলাদি বিনিময় করেন ও ব্যাংকের বিভিন্ন কার্যাবলী সংক্রান্ত আলোচনা করেন। ব্যাংকের সেবার মান সম্পর্কে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের প্রশ্নের জবাবে স্টেকহোল্ডারগণ বলেন সেবার মান উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে শাখা পর্যায়ে ঋণ গ্রহণ করতে ঋণ গ্রহীতাদের কোনো দীর্ঘসূত্রিতার সম্মুখীন হতে হয় না। খুব দ্রুততা ও স্বচ্ছতার সাথে ঋণ পেয়ে ঋণগ্রহীতাগণ সন্তুষ্টি প্রকাশ এবং কর্মকর্তাগণ অত্যন্ত সহযোগিতামূলক আচরণ করছেন মর্মে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে অবহিত করেন।

০৩। সভায় সংযুক্ত মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক এবং শাখা ব্যবস্থাপকগণ জানান, তাদের আওতাধীন কিছু কিছু শাখায় প্রয়োজনীয় কম্পিউটার সামগ্রী সরবরাহ করা হলে গ্রাহকদের সেবা প্রদানের ক্ষেত্রে আরও গতিশীলতা আসবে, সেবার মান অধিকতর বৃদ্ধি পাবে। সভার সভাপতি মহোদয় বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় কম্পিউটার সামগ্রী দ্রুততার সাথে শাখায় সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়গণকে নির্দেশনা প্রদান করেন।

০৪। সভায় বাংলাদেশ কৃষি ব্যাংক এর সংযুক্ত গ্রাহকগণ তাদের অভিব্যক্তি তুলে ধরেন। উল্লেখ্যযোগ্য কয়েকজন গ্রাহকের অভিব্যক্তি নিম্নে তুলে ধরা হলোঃ

ক) বাংলাদেশ কৃষি ব্যাংক, শ্রীপুর শাখা, গাজীপুর, ঢাকা বিভাগের ঋণ গ্রহিতা জনাব কবির আহমেদ, মেসার্স কবির এন্টারপ্রাইজ, ঋণ নথি নং-সিসি-৪৭১, জাতীয় পরিচয়পত্র নং-৯১৩৬৯৭৮৪৪৩ জানান, তিনি কৃষি ব্যাংকের গ্রাহক সেবায় সন্তুষ্ট। তিনি শ্রীপুর শাখায় বিগত ০৫.০৬.২০২২ তারিখে ২০ লক্ষ টাকা সিসি ঋণের আবেদন করলে যথাযথ প্রক্রিয়ায় নির্ধারিত সময়ের মধ্যে ১৯.০৬.২০২২ তারিখে ঋণ মঞ্জুরী পান। এ ঋণের টাকা কাজে লাগিয়ে তিনি তার ব্যবসা সম্প্রসারণ করেছেন এবং লাভবান হয়েছেন। তিনি কৃষি ব্যাংকের সফলতা কামনা করেন।

চলমান পাতা-০২

খ) বাংলাদেশ কৃষি ব্যাংক, পোড়াবাড়ী শাখা, টাঙ্গাইল, ঢাকা বিভাগের ঋণ গ্রহিতা জনাব মোঃ সোহেল রানা, মেসার্স বিসমিল্লাহ এন্টারপ্রাইজ, ঋণ নথি নং-সিসি-১৭০, জাতীয় পরিচয়পত্র নং-৫৯৭২১১৭৮১৫ জানান, তিনি কৃষি ব্যাংকে বিগত ২১.০৫.২০২৩ তারিখে পোল্ট্রী ফিড ব্যবসার জন্য ২০ লক্ষ টাকা সিসি ঋণের আবেদন করলে যথাযথ প্রক্রিয়ায় নির্ধারিত সময়ের মধ্যে ৩০.০৫.২০২৩ তারিখে ঋণ মঞ্জুরী পান। কৃষি ব্যাংকের এ অর্থায়ন তার ব্যবসার সম্প্রসারণে ব্যপক ভূমিকা রেখেছে তাই তিনি কৃষি ব্যাংকের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন।

গ) সভায় সংযুক্ত বাংলাদেশ কৃষি ব্যাংক, চান্দিনা শাখা, কুমিল্লা বিভাগের ঋণ গ্রহিতা জনাব মোঃ আসাদুজ্জামান বাবলু, মেসার্স ক্লাসিক ফিড মিল, ঋণ নথি নং-সিসি-৫১ ও ১৫৮, জাতীয় পরিচয়পত্র নং-১৯২২৭০৯০২৪৫৪৩ জানান, তিনি কৃষি ব্যাংকে বিগত ০৫.১২.২০২২ তারিখে মৎস্য চাষ এবং মাছের খাবার উৎপাদনের ব্যবসার জন্য সর্বমোট ১৩.৫০ কোটি টাকার আবেদন করলে যথাযথ প্রক্রিয়ায় নির্ধারিত সময়ের মধ্যে ০২.০২.২০২৩ তারিখে ঋণ মঞ্জুরী পান। তিনি আরও জানান, দীর্ঘদিন যাবত কৃষি ব্যাংকের অর্থায়ন এর মাধ্যমে তিনি তার ব্যবসা পরিচালনা করে আসছেন। কৃষি ব্যাংকের মানসম্পন্ন গ্রাহকসেবার কারনে তিনি সঠিকভাবে ঋণ গ্রহণ করে ব্যবসা সম্প্রসারণ করতে পেরেছেন। তিনি আজ প্রতিষ্ঠিত ব্যবসায়ী, এজন্য তিনি কৃষি ব্যাংকের ভূমিকা কৃতজ্ঞ চিত্তে স্মরণ করেন।

ঘ) সভায় সংযুক্ত বাংলাদেশ কৃষি ব্যাংক, ফেনী শাখা, ফেনী, কুমিল্লা বিভাগের ঋণ গ্রহিতা জনাব এফ. মোকাচ্ছেদ আহমেদ, মেসার্স হালিমা প্রোটিন কমপ্লেক্স, ঋণ নথি নং-সিসি-৩৮৯, জাতীয় পরিচয়পত্র নং-৩০১২৯২২৩৬৯১৯২ জানান, তিনি সোনালী মুরগী পালন, লেয়ার মুরগীর ডিম উৎপাদন ও মুরগীর বাচ্চা উৎপাদন ব্যবসা পরিচালনার জন্য কৃষি ব্যাংকে ঋণের আবেদন করলে যথাযথ প্রক্রিয়ায় নির্ধারিত সময়ের মধ্যে ঋণ মঞ্জুরী পান। তার ঋণের পরিমাণ ৭৫.০০ লক্ষ টাকা। তিনি বলেন কৃষি ব্যাংক কৃষক বান্ধব ব্যাংক, কৃষি ব্যাংকের গ্রাহক সেবায় আমরা এলাকাবাসী সকলেই সন্তুষ্ট।

০৫। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে অবগত করেন যে, সেবার মানোন্নয়নের মাধ্যমে নতুন নতুন গ্রাহককে ব্যাংকমুখী করতে হবে এবং কোনো গ্রাহক কাঙ্খিত সেবার জন্য ব্যাংকে এসে যেন ফিরে না যায় সে বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে । প্রতিটি শাখায় নারী উদ্যোক্তাদের সহায়তা এবং সেবা প্রদান সংক্রান্ত তথ্য প্রদানের জন্য অবশ্যই HELP DESK কার্যকর রাখতে হবে। সরকারী নির্দেশনা মোতাবেক দেশের আর্থিক উন্নয়নের জন্য নারী উদ্যোক্তাদের অর্থনৈতিক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত হতে উদ্বুদ্ধ করতে হবে।

তিনি আরও বলেন, দেশের আর্থিক সংকটের উন্নয়নের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক যে পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋণ প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে সে সকল ঋণ প্রদানের ক্ষেত্রে অবশ্যই সঠিকভাবে মঞ্জুরী এবং রিপোর্টিং করতে হবে। মনে রাখতে হবে, আমাদের ভুলের কারণে ঋণগ্রহীতা এবং ব্যাংক যেন কোনো ভাবেই ক্ষতির সম্মুখীন না হয়। সময়মত ঋণ পরিশোধ না করলে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয়ে ঋণগ্রহিতাদের সচেতন করতে হবে। বাংলাদেশ কৃষি ব্যাংকের কোন শাখায় সেবা প্রদানে কোন অনিয়ম কিংবা কেউ হয়রানীর শিকার হলে ব্যাংকের ভাবমূর্তি ক্ষুন্ন হবে, তাই এ ধরণের অভিযোগ পাওয়া গেলে দায়ী কর্মকর্তা কর্মচারীর বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সতর্ক করেন।

চলমান পাতা-০৩

০৯। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উল্লেখ করেন, গ্রামীণ অর্থনীতির উন্নয়ন এবং নারীর ক্ষমতায়নে বাংলাদেশ কৃষি ব্যাংকের ভূমিকা রাখার ব্যাপক সুযোগ রয়েছে। তাই গ্রামীণ পর্যায়ে নারী উদ্যোক্তাদের ব্যাংকিং সেবা প্রদানে সকলকে তৎপর থেকে কাজ করার নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, বাংলাদেশ কৃষি ব্যাংক মান সম্মত সেবা প্রদানে অঙ্গীকারাবদ্ধ। বিভাগীয় এবং আঞ্চলিক পর্যায় হতে সভায় অংশগ্রহণ করায় তিনি সকলকে আন্তরিকভাবে ধন্যবাদ জানান। তিনি বলেন, আমরা প্রজাতন্ত্রের সেবক, উন্নত এবং হয়রানি মুক্ত গ্রাহক সেবা প্রদানের ব্যাপারে আমাদের জিরো টলারেন্স। সবশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সেবা প্রদান বিষয়ে অবহিতকরণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শওকত আলী খান)
ব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/শানিব্যউবি-১(১২৮)/সিঃচার্টার/২০২২-২০২৩/১৪৫০ তারিখঃ ১৩ জুন ২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, প্রশাসন/পরিকল্পনা ও পরিচালন/আইসিটি মহাবিভাগ মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা প্রধান/শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। নথি/মহানথি।

১৩.০৬.২৩
(কে.এম. হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক